# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ২৮

পর্ব - ১ঃ পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৩. নাজাসাত (অপবিত্রতা) দূরীকরণ ও তার বিবরণ - কাপড় থেকে বীর্য দূরীকরণের পদ্ধতি

আরবী

وَلِمُسْلِمٍ: لَقَدْ كُنْتُ أَفْرُكُهُ مِنْ ثَوْبِ رَسُولِ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ فَرْكًا, فَيُصَلِّي فِيه
وَفِي لَفْظٍ لَهُ: لَقَدْ كُنْتُ أَحُكُّهُ يَابِسًا بِظُفُرِي مِنْ ثَوْبِهِ

صحيح. رواه مسلم (288)
مسلم (290) من طريق عبد الله بن شهاب الخولاني، قال: كنت نازلا على عائشة. فاحتملت في ثوبي، فغمستهما في الماء، فرأتني جارية لعائشة، فأخبرتها، فبعثت إلي عائشة فقالت: ما حملك على ما صنعت بثوبيك؟ قال: قلت: رأيت ما يرى النائم في منامه. قالت: هل رأيت فيهما شيئا؟ قلت: لا. قالت: فلو رأيت شيئا غسلته. لقد رأيتني، وإني لأحكه من ثوب رسول الله صلى الله عليه وسلم يابسا بظفري

বাংলা

২৮। মুসলিমে রয়েছে— ’রসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাপড় হতে আমি শুক্রকে ভালভাবে ঘষে উঠিয়ে দিতাম। অতঃপর তিনি ঐ কাপড় পরিধান করেই সালাত আদায় করতেন।[1]

মুসলিমের অন্য শব্দে এরূপ আছে, “শুক্র শুকনো থাকলে তার কাপড় হতে আমি নিজের নখ দিয়ে খুঁচিয়ে খুঁচিয়ে তুলে দিতাম।”[2]

## English

In the version of Muslim:
“I used to scrape it (the semen) off the garment of Allah’s Messenger (ﷺ) and then he offered prayer with it.

In yet another version of Muslim:
Verily! I (‘Aisha) used to scrape it (the semen) off his garment with my nails while it was dry.

ফুটনোট

[1] মুসলিম (২৮৮)

[2] মুসলিম (২৯০) আব্দুল্লাহ বিন শিহাব খাওলানী সূত্রে। তিনি বলেন, আমি আয়িশাহ (রাঃ) এর নিকট গেলাম। অতঃপর রাত্রিতে আমার কাপড়ে স্বপ্নদোষ হয়ে গেল। ফলে কাপড়কে আমি পানিতে ডুবিয়ে দিলাম। আয়িশাহ (রাঃ)’র এক দাসী তা দেখে ফেলল। সে আয়িশাহ (রাঃ), কে এই সংবাদ দিয়ে দিল। অতঃপর আয়িশাহ (রাঃ) এর নিকটে আমাকে ডাকা হলো। তিনি আমাকে বললেন, তুমি কেন এমন করলে? আমি বললাম, লোকেরা স্বপ্নে যা দেখে থাকে আমিও তাই দেখেছি। তিনি বললেন, তুমি কি কাপড়ে কিছু দেখেছ? আমি বললাম, না। তিনি বললেন, তুমি যদি কিছু দেখতে পেতে তবে গোসল করতে। তুমি কি দেখনি যে, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাপড় হতে শুকনো শুক্র আমার নখ দিয়ে খুঁচড়িয়ে তুলে দেই।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=69839

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন